# ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ

৫৩/১, জনসন রোড, ঢাকা-১১০০।

## অভিভাবক প্রতিনিধি সদস্য নির্বাচন-২০২৪ইং

### মনোনয়ন পত্র প্রাপ্তি, জমা প্রদান, প্রত্যাহার, ভোট প্রদান, ভোট গণনা ফলাফল ঘোষনা ও নির্বাচনী ট্রাইবুনাল সংক্রান্ত সংক্ষিপ্ত নিয়মাবলী



অধ্যাপক ড. এমরান কবীর চৌধুরী
প্রধান নির্বাচন কমিশনার
শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি নির্বাচন-'২৪
ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ

অধ্যাপক ড. মো. সামসুর রহমান
সদস্য সচিব ও অধ্যক্ষ
শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি নির্বাচন-'২৪
ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ

## মনোনয়ন পত্র প্রাপ্তির স্থান ঃ

০১. ০৩-০৪-২০২৪ইং তারিখ হতে ০৪-০৪-২০২৪ইং তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত কলেজ ভবনের ২য় তলায় ২১৮ নং কক্ষ (অস্থায়ী নির্বাচনী কার্যালয়) হতে মনোনয়ন পত্র সংগ্রহ করা যাবে।

০২. আগ্রহী প্রার্থীগণ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্ধারিত প্রোফর্মায় নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং যে ছাত্র/ছাত্রীর বিপরীতে প্রার্থী হতে ইচ্ছুক তার নাম উল্লেখ পূর্বক স্বাক্ষর করে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন।

০৩. উক্ত সময়ের পূর্বে অথবা পরে কোন মনোনয়ন পত্র প্রদান করা হবে না।

## মনোনয়ন পত্র জমা দেয়ার নিয়মাবলী ঃ

০১. প্রার্থীগনকে ০৩-০৪-২০২৪ইং তারিখ হতে ০৬-০৪-২০২৪ইং তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত কলেজ ভবনের ২য় তলায় ২১৮ নং কক্ষে (অস্থায়ী নির্বাচনী কার্যালয়) প্রথমে একটি নির্ধারিত প্রোফর্মায় নাম, ঠিকানা, মোবাইল নম্বর লিপিবদ্ধ করে যথাযথ ভাবে পূরণকৃত মনোনয়ন পত্র ও চাহিদাকৃত কাগজপত্র সহ তা' "নির্ধারিত বাক্সে" জমা প্রদান করতে হবে।

০২. অসম্পূর্ণ, বিলম্বে প্রাপ্ত, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি ব্যতিত প্রাপ্ত মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

**০৩. মনোনয়ন পত্র জমা দেয়ার পূর্বে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবে ঃ**

(ক) মনোনয়ন পত্র যথাযথভাবে পূরণ করতে হবে।

(খ) প্রার্থীর সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি যথাস্থানে সংযুক্ত করতে হবে।

(গ) প্রার্থীকে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(ঘ) স্থানীয় অভিভাবক প্রার্থী হওয়ার ক্ষেত্রে কলেজ কর্তৃক প্রত্যয়নকৃত সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(ঙ) প্রার্থীকে প্রযোজ্য ক্ষেত্রে পেশাগত সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(চ) প্রস্তাবক ও সমর্থকের ছবির পিছনে তারা তাদের পূর্ণ নাম লিখবেন। অত:পর প্রার্থী উক্ত ছবি সত্যায়িত করে তা' যথাস্থানে সংযুক্ত করবেন।

(ছ) যে কোন তফসিলি ব্যাংক হতে **"ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ"** এর অনুকূলে টা:১০,০০০/-(দশ হাজার)টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করবেন।

(জ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র গ্রহণ করে তা' মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

## মনোনয়ন পত্র বাক্স খোলার নিয়মাবলী ঃ

০৮-০৪-২০২৪ইং তারিখ (সোমবার) দুপুর ১২.০০ টায় কলেজ ভবনের ২য় তলায় ২১৮ নং কক্ষে (অস্থায়ী নির্বাচনী কার্যালয়) প্রার্থীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) মনোনয়ন পত্র জমাদান বাক্স খোলা হবে।

## মনোনয়ন পত্র প্রত্যাহারের নিয়মাবলী ঃ

১৭-০৪-২০২৪ইং তারিখ (বুধবার) সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহারকারী প্রার্থীকে স্ব-শরীরে উপস্থিত হয়ে সরবরাহকৃত ফরমে **"প্রধান নির্বাচন কমিশনার"** বরাবর আবেদনের প্রেক্ষিতে মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাবে। মনোনয়ন পত্র প্রত্যাহারকারী প্রার্থীর জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমাকৃত টাকা হতে ২০% সার্ভিস চার্জ কর্তন করে অবশিষ্ট টাকা অধ্যক্ষ মহোদয়ের অনুমোদনের পর প্রার্থীর নামে "একাউন্ট-পে" চেকের মাধ্যমে ফেরত প্রদান করা হবে। তবে নির্বাচনে অংশগ্রহণকারী এবং মনোনয়ন পত্র বাতিলকৃত প্রার্থীর কোন টাকা ফেরৎ প্রদান করা হবে না।



অধ্যাপক ড. এমরান কবীর চৌধুরী
প্রধান নির্বাচন কমিশনার
শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি নির্বাচন-'২৪
ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ

অধ্যাপক ড. মো. সামসুর রহমান
সদস্য সচিব ও অধ্যক্ষ
শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি নির্বাচন-'২৪
ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ

**ভোট প্রদান পদ্ধতি ঃ**

০১. প্রত্যেক ভোটারকে একটি মাত্র ব্যালট পেপার প্রদান করা হবে।

০২. মোট ০২(দুই) জন প্রার্থীকে ভোট প্রদান করতে হবে।

০৩. ব্যালট পেপারে নির্বাচন কমিশনের ০৩(তিন) জন সদস্যের স্বাক্ষর না থাকিলে উহা বাতিল বলে গণ্য হবে।

০৪. প্রত্যেক প্রার্থীর ডান পার্শ্বে একটি ঘর থাকিবে। ভোটাররা তাদের পছন্দের প্রার্থীর ঘরে "ক্রস চিহ্ন" (x) দিয়ে ভোট প্রদান করবেন।

০৫. ভোট প্রদান শেষে ব্যালট পেপার চার ভাজ করে ব্যালট বাক্সে ফেলতে হবে।

০৬. শুধুমাত্র একজন প্রার্থীকে ভোট প্রদান করিলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

০৭. দুই এর অধিক প্রার্থীকে ভোট প্রদান করিলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

০৮. যথাস্থানে "ক্রস চিহ্ন" (x) না দিলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

০৯. ব্যালট পেপারে অতিরিক্ত কোন লেখা বা চিহ্ন থাকিলে উহা বাতিল বলে গণ্য হবে।

১০. নির্ধারিত বাক্স ব্যতিত অন্য কোন স্থানে ব্যালট পেপার জমা দিলে উহা বাতিল বলে গণ্য হবে।

১১. ভোট প্রদানের দিন ভোটারদের জাতীয় পরিচয় পত্র (N.ID) সঙ্গে আনতে হবে।

১২. ভোট কেন্দ্রে ভোটার গণকে মোবাইল ফোন বন্ধ রাখতে হবে।

১৩. প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোলিং এজেন্টগণকে ভোট শুরু হওয়ার নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে (অর্থাৎ সকাল ৯.৩০ ঘটিকার মধ্যে) ভোট কেন্দ্রে উপস্থিত থাকতে হবে। যদি কোন প্রার্থীর পোলিং এজেন্ট নির্ধারিত সময়ে অনুপস্থিত থাকেন তাহা সত্বেও যথাসময়ে ভোট গ্রহণ প্রক্রিয়া শুরু হবে।

১৪. প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোলিং এজেন্টগণ ভোট কেন্দ্রে কোন প্রকার মোবাইল ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না।

১৫. প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কেবলমাত্র ভোট প্রদানের জন্য ভোট গ্রহণ কক্ষে প্রবেশ করতে পারবেন। নিজস্ব ভোট প্রদান শেষে প্রার্থী কোন অবস্থাতেই ভোট গ্রহণ কক্ষে অবস্থান করতে পারবেন না।

**ভোট গণনা ও ফলাফল ঘোষনা ঃ**

০১. ভোট গ্রহণ শেষে প্রার্থীদের পোলিং এজেন্টদের উপস্থিতিতে ভোট গনণা করা হবে।

০২. নির্বাচন কমিশনের সদস্য, নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও প্রার্থীদের পোলিং এজেন্ট ব্যতিত অন্য কেহ ভোট গণনা কেন্দ্রে উপস্থিত থাকতে পারবেন না।

০৩. ভোট গণনাকালীন এবং ফলাফল ঘোষনা না হওয়া পর্যন্ত প্রার্থীর পোলিং এজেন্টগণ ভোট গণনা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

০৪. ভোট গ্রহণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পোলিং এজেন্টগনকে নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে একটি "অঙ্গীকার নামায়" স্বাক্ষর করতে হবে।

০৫. ভোট গণনা শেষে প্রার্থীর পোলিং এজেন্টগণ নির্বাচনী ফলাফল সিটে স্বাক্ষর করা ব্যতিত ভোট গণনা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

০৬. প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে যদি প্রার্থীগণ সমান সংখ্যক ভোট প্রাপ্ত হন সেক্ষেত্রে লটারীর মাধ্যমে বিজয়ী ঘোষনা করা হবে।

০৭. প্রার্থী (যদি উপস্থিত থাকেন), ভোটার (যদি উপস্থিত থাকেন), পর্যবেক্ষক (যদি উপস্থিত থাকেন), ছাত্র-ছাত্রী (যদি উপস্থিত থাকেন), নির্বাচন কমিশনারগণ ও কলেজের অন্যান্য উপস্থিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সম্মুখে "প্রধান নির্বাচন কমিশনার/তাঁর মনোনীত ব্যক্তি" নির্বাচনের ফলাফল ঘোষনা করবেন।

০৮. ঘোষিত নির্বাচনী ফলাফল নিয়মানুযায়ী নির্বাচন কমিশন অধ্যক্ষ মহোদয়ের নিকট হস্তান্তর করবেন।

**নির্বাচনী ট্রাইবুনাল ঃ**

নির্বাচন কমিশনই নিম্ন লিখিত বিষয়ে নির্বাচনী ট্রাইবুনালের দায়িত্ব পালন করবেন।

(ক) বাতিলকৃত মনোনয়ন পত্রের ব্যাপারে নির্ধারিত তারিখে শুনানী গ্রহণ করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(খ) আচরণ বিধি লজ্ঘনের জন্য প্রার্থীতা বাতিলের সিদ্ধান্ত গ্রহণ।

(গ) নির্বাচনী প্রক্রিয়া চলাকালীন নির্বাচন সংক্রান্ত বিষয়ে কলেজের শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ডের জন্য প্রার্থী কর্তৃক কলেজ কর্তৃপক্ষের নিকট অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে সুপারিশ প্রদান।

* এই বিধিমালায় যা' কিছুই থাকুক না কেন সুষ্ঠু নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশন যে কোন বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(অধ্যাপক ড. এমরান কবীর চৌধুরী)
**প্রধান নির্বাচন কমিশনার**
শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি নির্বাচন-'২৪
ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ

(অধ্যাপক ডা. মো. সামসুর রহমান)
**সদস্য সচিব ও অধ্যক্ষ, কলেজ**শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি নির্বাচন-'২৪
ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ